দৈনিক আমাদের সময়

তারিখ 26 SEP 2017
পৃ. ১২ কলাম ১

# অনলাইনে টিসি পাবে শিক্ষার্থীরা

এম এইচ রবিন ●
শিক্ষার্থীরা বিভিন্ন প্রয়োজনে ছাড়পত্র জোগাড় করতে নানা ধরনের সমস্যায় পড়ে নিজ শিক্ষা প্রতিষ্ঠানে। সমস্যা এড়াতে ঢাকা শিক্ষা বোর্ড চালু করেছে অনলাইনে ছাড়পত্র প্রদানের কার্যক্রম। এখন থেকে অনলাইনে ছাড়পত্র (টিসি) পাবে ২০১৬-১৭ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা।

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক প্রফেসর ড. মো. আশফাকুস সালেহীন গতকাল আমাদের সময়কে এ তথ্য নিশ্চিত করেন।

তিনি বলেন, একটি ছাড়পত্রের জন্য ঢাকা ও ঢাকার পার্শ্ববর্তী অনেক জেলা থেকে লোকজন বোর্ডের দ্বারস্থ হন। এ ছাড়া অনেক শিক্ষা প্রতিষ্ঠান ছাড়পত্রের জন্য শিক্ষার্থীদের নানাভাবে হয়রানিও করে। এসব থেকে মুক্তির জন্যই অনলাইনে ছাড়পত্র দেওয়ার উদ্যোগ নিয়েছে বোর্ড।

বোর্ডের এমন উদ্যোগকে স্বাগত জানিয়েছেন অভিভাবকরাও। তবে অনেকে এরপর পৃষ্ঠা ১১, কলাম ৬

## অনলাইনে টিসি পাবে

(শেষ পৃষ্ঠার পর) বিষয়টি না জেনে এখনো বোর্ডে সংশ্লিষ্ট শাখায় ভিড় করছেন। গতকাল টাঙ্গাইল থেকে আসা দ্বাদশ শ্রেণির এক শিক্ষার্থীর অভিভাবক মাহমুদুর রহমান জানান, তার ছেলের ছাড়পত্রের জন্য কলেজে গিয়ে না পেয়ে বোর্ডে অভিযোগ জানাতে এসেছেন। বোর্ডের নতুন পদ্ধতি সম্পর্কে জেনে সাধুবাদ জানিয়েছেন কর্তৃপক্ষকে।

কলেজ পরিদর্শক জানান, অনলাইনে টিসি আবেদনের জন্য ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (http://dhakaeducation-board.gov.bd/) গিয়ে e-TC বাটনে ক্লিক করে টিসি আবেদন ফরম পূরণ করে (Submit your Application) বাটনে ক্লিক করবে। এ ক্ষেত্রে অবশ্যই শিক্ষার্থীর অধ্যয়নরত এবং টিসির মাধ্যমে কাঙ্ক্ষিত উভয় কলেজে পঠিত বিষয় একই হতে হবে। আবেদন সাবমিট হওয়ার পর শিক্ষার্থী প্রদত্ত মোবাইল নম্বরে একটি গোপনীয় (Security code)-সহ এসএমএস পাবে এবং নিরাপত্তা কোড দিয়ে শিক্ষার্থী পরবর্তীতে তার আবেদনে প্রবেশ করতে পারবে। শিক্ষার্থী অনলাইনে আবেদন সাবমিট করার পর যে সোনালী সেবা স্লিপ পাবে, সেটি প্রিন্ট নিয়ে এবং সোনালী ব্যাংকের যে কোনো অনলাইন শাখা থেকে সোনালী সেবায় স্লিপের মাধ্যমে টিসি ফি ৬০০ টাকা জমা দিতে হবে।

শিক্ষার্থী সঠিকভাবে আবেদন সাবমিট করলে অধ্যয়নরত কলেজে অর্থাৎ প্রথম কলেজ একটি এসএমএস পাবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............
তারিখ............
[illegible]
[illegible]
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর